



সড়কে মৃত্যুর ঘটনায় রাষ্ট্রের ব্যর্থতা আছে: সেতুমন্ত্রী



ছবি: সংগৃহীত

সড়ক দুর্ঘটনায় মানুষের মৃত্যুর ঘটনায় রাষ্ট্রের দায় রয়েছে বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতু, রেলপথ ও নৌপরিবহনমন্ত্রী শেখ রবিউল আলম। তিনি বলেন, এসব প্রাণহানির পেছনে রাষ্ট্রের ব্যর্থতা রয়েছে এবং সরকার তা অস্বীকার করছে না।

শুক্রবার (২২ মে) কুমিল্লা জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর মাঝে আর্থিক সহায়তার চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, সড়ক দুর্ঘটনায় স্বজন হারানোর বেদনা কোনোভাবেই পূরণ করা সম্ভব নয়। তবে নিহতদের পরিবারের পাশে সরকার থাকবে এবং শিক্ষা, কর্মসংস্থানসহ বিভিন্ন ক্ষেত্রে তাদের অগ্রাধিকার দেওয়ার চেষ্টা করা হবে।

সাম্প্রতিক দুর্ঘটনার প্রসঙ্গ তুলে তিনি জানান, ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক আট লেনে উন্নীত করার পরিকল্পনা নেওয়া হয়েছে। পাশাপাশি কুমিল্লার পদ্ময়ার বাজার এলাকায় আভারপাস ও ওভারপাস নির্মাণের উদ্যোগও গ্রহণ করা হয়েছে।